

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৫৯(আগরতলা ৪।১)

অমরপুর, ৪ জানুয়ারি, ২০২৪

গোমতী জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী

গোমতী জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের ১১০তম জন্মজয়ন্তী গতকাল অমরপুরের মিঞা বাজারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি দেবল দেবরায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দাস, উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল মজুমদার, অমরপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন বিকাশ সাহা, অমরপুর বিএসি চেয়ারম্যান রবিন্দ্র জমাতিয়া, অমরপুর মহকুমা কল্যাণ আধিকারিক পামির কর্মকার প্রমুখ। স্বাগত ভাষণ দেন অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মন্টি দেবনাথ (রুদ্রপাল)। গোমতী জেলাভিত্তিক অদ্বৈত মল্লবর্মণের জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠান, বসে আঁকো ও বক্তৃতা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠান শেষে অতিথিগণ বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।
